

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৭৩

কুমারঘাট, ২২ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

**কুমারঘাট মহকুমায় রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সভা**

লোকসভার সাধারণ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে আজ ২-পূর্ব ত্রিপুরা (এসটি সংরক্ষিত) লোকসভা কেন্দ্রের অন্তর্গত ৫০-পাবিয়াছড়া (এসসি) বিধানসভা কেন্দ্রের এআরও তথা কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমার কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ডিইও তথা উনকোটি জেলার জেলাশাসক ডি কে চাকমা, ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা কেন্দ্রের এআরও দশরথ দেববর্মা, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক কার্যালয়ের ইলেকশন ব্রাঞ্চ অফিসার তথা ডিসিএম অভিজিৎ কুমার দাস, বিজেপি, সিপিআইএম, আইএনসি এবং তিপরা মথা পার্টির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*